

## শিক্ষক নিয়োগ ও পদোন্নতির অভিন্ন নীতিমালা প্রত্যাখ্�্যান

### শেক্রবি প্রতিনিধি

৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:০২



দেশের সব বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ ও পদোন্নতি নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের প্রস্তাবিত অভিন্ন নীতিমালা প্রত্যাখ্যান করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেক্রবি) শিক্ষক সমিতি। এ সিদ্ধান্তকে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্ত্বাসনের সঙ্গে সাংঘর্ষিক ও কালাকানুন আখ্যায়িত করেছে সংগঠনটি। গতকাল সকালে শেক্রবি শিক্ষক সমিতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে বক্তরা এসব কথা বলেন।

বক্তরা বলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক সুপারিশকৃত অভিন্ন নীতিমালা নিয়ে কোনো শিক্ষক প্রতিনিধিকে জানানো হয়নি। এতে শিক্ষকদের পদোন্নতি ও নিয়োগ নিয়ে যে নতুন নিয়ম হচ্ছে, তা বাস্তবায়িত হলে দেশের মেধাবীরা এ পেশায় আসবে না। নিয়োগপ্রাপ্ত একজন প্রভাষক সর্বোচ্চ দুই ধাপে সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক হিসেবে পদোন্নতি পাবেন।

তিনি আর কখনো অধ্যাপক হতে পারবেন না। এ ছাড়া শিক্ষক নিয়োগে এসএসসি ও এইচএসসির গ্রেডিং পয়েন্ট এবং প্রার্থীকে মাস্টার্স শেষ করে প্রভাষক পদে যোগদান দিতে হবে। এসব নিয়ম সম্পূর্ণ অগ্রহণযোগ্য।

advertisement

সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি মো. নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মো. মিজানুর রহমান গণমাধ্যমকর্মীদের সামনে তাদের বক্তব্য তুলে ধরেন। অবিলম্বে নীতিমালাটি বাতিল করা না হলে দেশের সব বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিদের নিয়ে কঠোর আন্দোলনের সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানান তারা।